## গোদাগাড়ী উপজেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচারণা কমিটির জানুয়ারি/২০২৪ মাসের মাসিক সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ আতিকুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
গোদাগাড়ী, রাজশাহী

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, গোদাগাড়ী, রাজশাহী

সভার তারিখ ঃ ১৫ জানুয়ারি ২০২৪

সময় ঃ বেলা-১১.৩০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্য, প্রতিনিধি ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট- 'ক', 'খ' ও 'গ'-তে সন্নিবেশিত ।

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভায় নিম্ন-বর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

১.০০ পূর্ববর্তী সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন ঃ

পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং পঠিত কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

২.০০ ইউনিয়ন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচারণা কমিটির সভার কার্যবিবরণী ঃ

ইউনিয়ন পর্যায়ে অনুষ্ঠিতব্য ডিসেম্বর/২০২৩ মাসে ইউনিয়ন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচারণা কমিটির সভার কার্যবিবরণী সকল ইউনিয়ন পরিষদ হতে পাওয়া গেছে।

৩.০০ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচারণার বিষয়ে আলোচনা ঃ

সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, ডিসেম্বর/২০২৩ মাসে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। এছাড়াও সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট, গোদাগাড়ী, রাজশাহী কর্তৃক ডিসেম্বর/২০২৩ মাসে মোবাইল কোর্ট পরিচালনা করা হয় ।

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. | মাদক প্রতিরোধে টাস্কফোর্সের কার্যক্রম | ১.১.সভাপতি সভায় গোদাগাড়ী উপজেলায় মাদক চোরাচালান ও ব্যবহার প্রতিরোধকল্পে নভেম্বর ২০২৩ মাসে টাস্কফোর্স,বিজিবি ও পুলিশ কর্তৃক পরিচালিত মাদকবিরোধী অভিযানের তথ্য উপস্থাপন করতে বলেন।তথ্য পর্যালোচনায় দেখা যায় ডিসেম্বর ২০২৩ মাসে বিভিন্ন বাহিনীর অভিযান হয়েছে এবং অভিযান পরিচালনাকালে বিভিন্ন মামলা দায়ের করা হয়েছে। এসব মামলায় বিভিন্ন জনকে গ্রেফতার করা হয়েছে।মামলা দায়ের ও গ্রেফতার সংখ্যা বৃদ্ধি রাখা প্রয়োজন মর্মে সভাপতি মতামত ব্যক্ত করেন। প্রতিটি সংস্থাকে তিনি প্রতি মাসে নিয়মিত টাস্কফোর্সের অভিযান পরিচালনা করার অনুরোধ জানান। | ১.১.১.প্রতিটি সংস্থাকে টাস্কফোর্সের অভিযান পরিচালনা করে অভিযানকে ফলপ্রসূ করতে হবে।<br><br>১.১.২.মাদকবিরোধী অভিযান বৃদ্ধি অব্যাহত রাখতে হবে। | ১. বিজিবি ব্যাটালিয়ন,গোদাগাড়ী, রাজশাহী<br><br>২.অফিসার ইনচার্জ,গোদাগাড়ী মডেল থানা।<br><br>৩.উপ পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর,রাজশাহী |
| ২. | মাদক প্রতিরোধে টাস্কফোর্সের কার্যক্রমের অগ্রগতি | ২.১.সভাপতি সভায় মাদক প্রতিরোধ সংক্রান্ত সংশ্লিষ্টদের সাথে সমন্বয়পূর্বক অভিযান পরিচালনা করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হয়। তিনি এও জানান, এনজিও প্রতিনিধিরা প্রতিটি কার্যক্রমে স্থানীয় প্রশাসনকে সম্পৃক্ত করবে। মাদাকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর উপ পরিদর্শক জানান, বিভিন্ন এলাকায় মাদকবিরোধী অভিযানে অনেকে গ্রেফতার হয়েছে। | ২.১.১.মাদক প্রতিরোধ সংক্রান্ত সংশ্লিষ্টদের সাথে সমন্বয়পূর্বক অভিযান পরিচালনা করতে হবে। | ১. বিজিবি ব্যাটালিয়ন,গোদাগাড়ী, রাজশাহী<br><br>২.অফিসার ইনচার্জ,গোদাগাড়ী মডেল থানা।<br><br>৩.উপ পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর,রাজশাহী |
| ৩. | ইউনিয়ন পর্যায়ে | ৩.১.সভাপতি সভায় ইউনিয়ন পর্যায়ে মাদকদ্রব্যের উৎপাদন ও ব্যবহার রোধকল্পে | ৩.১.১. ইউনিয়ন পর্যায়ে মাদকদ্রব্যের | ১.চেয়ারম্যান(সকল), ইউনিয়ন পরিষদ, |

| | | | | |
|---|---|---|---|---|
| | মাদকদ্রব্যের উৎপাদন ও ব্যবহার | ব্যাপক জনসচেতনতা গড়ে তোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানান । নিয়মিতভাবে ইউনিয়ন পর্যায়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচারণা কমিটির সভা অনুষ্ঠান করে সভার কার্যবিবরণী দাখিলের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানানো হলো। | উৎপাদন ও ব্যবহার রোধকল্পে ব্যাপক জনসচেতনতা গড়ে তোলার সিদ্ধান্ত গৃহীত হলো।<br>৩.১.২. নিয়মিতভাবে ইউনিয়ন পর্যায়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচারণা কমিটির সভা অনুষ্ঠান করে সভার কার্যবিবরণী দাখিলের জন্য সিদ্ধানত গৃহীত হয়। | গোদাগাড়ী,রাজশাহী। |
| ৪. | মাদকদ্রব্যের সীমান্ত পথে চোরাচালান বন্ধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ | ৪.১.সীমান্ত পথে যাতে মাদকদ্রব্য পারাপার না হতে পারে, সে জন্য কড়া প্রহরার ব্যবস্থা গ্রহণসহ উপজেলার অভ্যন্তরে চোলাই মদ ও অন্যান্য যাবতীয় মাদকদ্রব্য প্রস্তুত ও ক্রয়-বিক্রয় রোধকল্পে ব্যাপক অভিযান পরিচালনার জন্য সীমান্তের নিকটবর্তী ইউনিয়নের চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো। এছাড়াও সীমান্ত এলাকাসহ উপজেলার অভ্যন্তরে কোন মাদকদ্রব্য প্রস্তুতের কারখানার অস্তিত্ব পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে গোদাগাড়ী মডেল থানাকে অবহিত করণের সিদ্ধান্ত গৃহীত হলো। | ৪.১.১.সীমান্ত পথে মাদক চোরাচালান ও উপজেলার অভ্যন্তরে মাদক উৎপাদনের কারখানা থাকলে তা ধ্বংস করার সিদ্ধান্ত গৃহীত হলো। | ১. বিজিবি ব্যাটালিয়ন,গোদাগাড়ী, রাজশাহী<br><br>২.অফিসার ইনচার্জ,গোদাগাড়ী মডেল থানা।<br><br>৩.চেয়ারম্যান(সকল), ইউনিয়ন পরিষদ, গোদাগাড়ী,রাজশাহী। |
| ৫. | মাদকদ্রব্য প্রবণ এলাকাসমূহে পুলিশী টহল জোরদারকরণ | ৫.১.উপজেলার মাদকদ্রব্য প্রবণ এলাকাসমূহে পুলিশী টহল জোরদারকরণের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, গোদাগাড়ী মডেল থানা, গোদাগাড়ী, রাজশাহীকে অনুরোধ করা হলো। | ৫.১.১.মাদকদ্রব্য প্রবণ এলাকাসমূহে পুলিশী টহল জোরদারকরণ এর সিদ্ধান্ত গৃহীত হলো। | ১.অফিসার ইনচার্জ,গোদাগাড়ী মডেল থানা।<br><br>২.নৌ পুলিশ, গোদাগাড়ী,রাজশাহী। |
| ৬. | শিক্ষার্থীদের মাদকদ্রব্য সেবনের কুফল সম্পর্কে সচেতন করা | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের মাদকদ্রব্য সেবনের কুফল সম্পর্কে সচেতন করার লক্ষ্যে অধ্যক্ষ/ প্রধান শিক্ষকগণকে প্রয়োজনীয় পরামর্শ প্রদানের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়।<br><br>গোদাগাড়ী হিন্দু, বৌদ্ধ, খ্রিষ্টান ঐক্য পরিষদ এর সভাপতি সভায় জানান, গোদাগাড়ীর আইন-শৃঙ্খলার পরিস্থিতি সর্বদাই ভালো থাকে। রাজাবাড়ীহাট, নিমতলা, প্রেমতলীতে কাঁটাতারের বেড়া নেই। সম্প্রতি খরচাকা, নিমতলা, ফরাদপুর এলাকায় হ্যান্ডকাফসহ আসামী ধরা পড়ে। কিন্তু তারা পালিয়ে যায়। ঐ এলাকায় আসামীরা প্রকাশ্যে ঘুরে বেড়ায়। গাঁজা ব্যাবসায়ীরা প্রকাশ্যে গাঁজা ব্যাবসা করে। দ্রুত জামিন পেয়ে যায়। মাদক নিয়ন্ত্রণে প্রশাসনকে কঠোর হতে হবে। সামনে নির্বাচন উপলক্ষে সকলকে সচেতন থাকতে হবে।<br><br>জনাব মোঃ নিরাবুল ইসলাম, সমন্বয়কারী, সিসিবিভিও এনজিও জানান, স্মার্টফোনের ব্যবহারে অনেক ছেলেমেয়ে সম্পর্ক তৈরি করছে। এর ফলে বাল্যবিবাহ | ৬.১.১.মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের মাদকদ্রব্য সেবনের কুফল সম্পর্কে সচেতন করার সিদ্ধান্ত গৃহীত হয়। বিষয়টি সভার সদস্য সচিব উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার তদারকি করবেন। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গোদাগাড়ী,রাজশাহী।<br><br>২. অধ্যক্ষ/ প্রধান শিক্ষক(সকল), গোদাগাড়ী,রাজশাহী।<br><br>৩.চেয়ারম্যান(সকল), ইউনিয়ন পরিষদ, গোদাগাড়ী,রাজশাহী।<br><br>৪. বিজিবি ব্যাটালিয়ন,গোদাগাড়ী, রাজশাহী<br><br>৫. অফিসার ইনচার্জ,গোদাগাড়ী মডেল থানা।<br><br>৬. উপ পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর,রাজশাহী |

সভায় উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে) ঃ

| ক্রঃ নং | নাম ও পদবি | স্বাক্ষর |
|---|---|---|
| ০১. | মেয়র, গোদাগাড়ী পৌরসভা, গোদাগাড়ী, রাজশাহী | |
| ০২. | মেয়র, কাঁকনহাট পৌরসভা, গোদাগাড়ী, রাজশাহী | |
| ০৩. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী | |
| ০৪. | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার,গোদাগাড়ী,রাজশাহী | |
| ০৫. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,গোদাগাড়ী,রাজশাহী | |
| ০৬. | উপজেলা পরিসংখ্যান অফিসার,গোদাগাড়ী,রাজশাহী | |
| ০৭. | উপজেলা যুব উন্নয়ন অফিসার, গোদাগাড়ী, রাজশাহী | |
| ০৮. | পরিদর্শক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, গোদাগাড়ী, রাজশাহী | |
| ০৯. | অফিসার ইনচার্জ, গোদাগাড়ী মডেল থানা, গোদাগাড়ী, রাজশাহী | |
| ১০. | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, গোদাগাড়ী, রাজশাহী | |
| ১১. | উপজেলা আনসার ভিডিপি অফিসার, গোদাগাড়ী, রাজশাহী | |
| ১২. | চেয়ারম্যান, রিশিকুল ইউপি, গোদাগাড়ী, রাজশাহী | |
| ১৩. | চেয়ারম্যান, পাকড়ী ইউপি, গোদাগাড়ী, রাজশাহী | |
| ১৪. | চেয়ারম্যান, মোহনপুর ইউপি, গোদাগাড়ী, রাজশাহী | |
| ১৫. | চেয়ারম্যান, গোদাগাড়ী ইউপি, গোদাগাড়ী, রাজশাহী | |
| ১৬. | চেয়ারম্যান, দেওপাড়া ইউপি, গোদাগাড়ী, রাজশাহী | |
| ১৭. | চেয়ারম্যান, মাটিকাটা ইউপি, গোদাগাড়ী, রাজশাহী | |
| ১৮. | চেয়ারম্যান, গোগ্রাম ইউপি, গোদাগাড়ী, রাজশাহী | |
| ১৯. | চেয়ারম্যান, বাসুদেবপুর ইউপি, গোদাগাড়ী, রাজশাহী | |
| ২০. | চেয়ারম্যান, চর আষাড়িয়াদহ ইউপি, গোদাগাড়ী, রাজশাহী | |
| ২১. | সভাপতি,উপজেলা প্রেসক্লাব,গোদাগাড়ী, রাজশাহী | |
| ২২. | সভাপতি, গোদাগাড়ী প্রেস ক্লাব, গোদাগাড়ী, রাজশাহী | |
| ২৩. | অধ্যক্ষ, গোদাগাড়ী সরকারি কলেজ, গোদাগাড়ী, রাজশাহী | |
| ২৪. | অধ্যক্ষ, গোদাগাড়ী মহিলা ডিগ্রি কলেজ, গোদাগাড়ী, রাজশাহী | |
| ২৫. | অধ্যক্ষ, গোদাগাড়ী সরকারি উচ্চ বিদ্যালয় ও কলেজ, গোদাগাড়ী, রাজশাহী | |
| ২৬. | অধ্যক্ষ, শাহ সুলতান কামিল মাদ্রাসা, গোদাগাড়ী, রাজশাহী | |
| ২৭. | জনাব মোঃ নিরাবুল ইসলাম, সমন্বয়কারী, সিসিবিভিও এনজিও | |
| ২৮. | প্রেরণা চিসিম,এপি ম্যানেজার, ওয়ার্ল্ড ভিশন এনজিও | |

সভায় অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "খ"ঃ

| | |
|---|---|
| ০১. | সহকারী কমিশনার (ভূমি), গোদাগাড়ী, রাজশাহী |
| ০২. | উপজেলা সমবায় অফিসার, গোদাগাড়ী,রাজশাহী |
| ০৩. | উপজেলা কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, গোদাগাড়ী, রাজশাহী |
| ০৪. | ইমাম, উপজেল পরিষদ জামে মসজিদ, গোদাগাড়ী, রাজশাহী |
| ০৫. | সভাপতি, রিপোর্টার্স ইউনিটি, গোদাগাড়ী, রাজশাহী |
| ০৬. | সভাপতি, গোদাগাড়ী পৌর প্রেসক্লাব,গোদাগাড়ী, রাজশাহী |
| ০৭. | প্রধান শিক্ষক,মহিষালবাড়ী মাধ্যমিক বালিকা উচ্চ বিদ্যালয়, গোদাগাড়ী, রাজশাহী |
| ০৮. | প্রধান শিক্ষক, আ.ফ.জি. বালিকা উচ্চ বিদ্যালয়, গোদাগাড়ী, রাজশাহী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | হচ্ছে। স্কুল-কলেজের ছেলেমেয়েরা স্মার্টফোনে আসক্ত হয়ে পড়ছে। স্কুল-কলেজের ছেলেমেয়েরা কো-কারিকুলার একটিভিটিতে কম অংশগ্রহণ করছে।<br><br>প্রেরণা চিসিম,এপি ম্যানেজার, ওয়ার্ল্ড ভিশন এনজিও জানান, উপজেলায় কিশোর-কিশোরী ক্লাবের সংখ্যা বৃদ্ধি করা প্রয়োজন। | | ৭. নৌ পুলিশ, গোদাগাড়ী,রাজশাহী। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

২১.০১.২৪
(আতিকুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচারণা কমিটি
গোদাগাড়ী, রাজশাহী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গোদাগাড়ী, রাজশাহী
Web:godagari.rajshahi.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৮১.৩৪.০০০.১৩.০০৪.২৪ - ৪৮ (১৩)

তারিখ ঃ ০৭ মাঘ ১৪৩০ / ২১ জানুয়ারি ২০২৪

সদয় জ্ঞাতার্থে ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-১ (গোদাগাড়ী-তানোর)। মহোদয়ের অবগতির জন্য

০২। জেলা প্রশাসক, রাজশাহী

২১.০১.২৪
(আতিকুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
গোদাগাড়ী, রাজশাহী
টেলিফোন নং-০২৪৭৮-৫৬০০৭ (অফিস)
ই-মেইল নং-unogodagari@mopa.gov.bd